*মূলশব্দাবলীঃ*
*নিষ্ঠা/ খাঁটি*
*লুকানো*
*প্রয়াস*
*অবিচল*

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**6 Februari 2026 / 18 Syaaban 1447H**

# আন্তরিকতা – এক ভাল কাজ যা মানুষের দৃষ্টিগোচরে আসে না

**ٱلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِي هَدَانَا لِهَٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا ٱللَّهُ. أَشْهَدُ أَنْ لَا إِلَٰهَ إِلَّا ٱللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. ٱللَّٰهُمَّ صَلِّ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ، وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللَّهِ، ٱتَّقُوا ٱللَّهَ. أُوصِي نَفْسِي وَإِيَّاكُمْ بِتَقْوَى ٱللَّهِ عَزَّ وَجَلَّ، فَقَدْ فَازَ ٱلْمُتَّقُونَ.**

**যুমরাতাল মুমিনিন রাহিমাকুমুল্লাহ,**

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা’আলার প্রতি সত্যিকারের সচেতনতা ও গভীর ভয়ের সঙ্গে তাকওয়া অবলম্বন করুন। তাঁর সকল আদেশ মেনে চলুন এবং তিনি যা নিষিদ্ধ করেছেন তা থেকে সম্পূর্ণভাবে বিরত থাকুন। আমাদের নিয়তসমূহকে পবিত্র করুন, যাতে প্রতিটি কাজ একমাত্র আল্লাহ্ সুবহানাহু ওয়া তা’আলার সন্তুষ্টি অর্জনের জন্যই সম্পাদিত হয়। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা’আলা যেন আমাদের অন্তর ও আমলসমূহকে সকল প্রকার অপবিত্রতা থেকে পরিশুদ্ধ করে দেন। আমিন, ইয়া রব্বাল আলামিন।

প্রিয় সম্মানিত সুধী,

আমরা কীভাবে আমাদের আন্তরিকতা বা ইখলাসকে পরিমাপ করব? অগ্রগতির এই যুগে আমাদের সৎকর্মসমূহ অনেক সময় আর মানুষের দৃষ্টি থেকে গোপন থাকে না—চাই তা ভার্চুয়াল জগতে হোক কিংবা বাস্তব জীবনে। তাহলে কি এর অর্থ এই যে, আমাদের ইখলাস রক্ষা করা আজ আরও কঠিন হয়ে পড়েছে?

হে আমার প্রিয় ভাইয়েরা, ইসলাম দ্বীনের মূল ভিত্তি যে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার প্রতি আন্তরিকতা—এ বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। আল্লাহ্ তাআলা সূরা আল-বাইয়্যিনাহর ৫ নম্বর আয়াতে বলেন:

وَمَآ أُمِرُوٓاْ إِلَّا لِيَعۡبُدُواْ ٱللَّهَ مُخۡلِصِينَ لَهُ ٱلدِّينَ حُنَفَآءَ وَيُقِيمُواْ ٱلصَّلَوٰةَ وَيُؤۡتُواْ ٱلزَّكَوٰةَۚ
وَذَٰلِكَ دِينُ ٱلۡقَيِّمَةِ ٥

অর্থঃ "তাদেরকে এছাড়া কোন নির্দেশ দেয়া হয়নি যে, তারা আল্লাহর ইবাদত করবে তাঁরই অনুগত হয়ে একনিষ্ঠভাবে এবং নামায কায়েম করবে ও যাকাত দেবে। আর এটাই সঠিক ধর্ম।"

এই আয়াতটি আমাদের স্মরণ করিয়ে দেয় যে, ধর্মীয় জীবন পরিচালনার জন্য আন্তরিকতা অপরিহার্য। আন্তরিকতা ছাড়া সৎকর্মের পথে অবিচল থাকা আমাদের জন্য কঠিন হয়ে পড়ে।

**মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার অনুগ্রহপ্রাপ্ত সম্মানিত সুধী,**

ইখলাস বা আন্তরিকতার অর্থ এই নয় যে, আমাদের সৎকর্মগুলো কখনোই অন্যদের সঙ্গে শেয়ার করা যাবে না। আলেমগণ ব্যাখ্যা করেছেন যে, অন্যদের সৎকর্মের প্রতি উৎসাহিত করার উদ্দেশ্যে এবং প্রদর্শন কিংবা প্রশংসা লাভের মানসিকতা ছাড়া সৎকর্ম প্রকাশ করা অনুমোদনযোগ্য। একই সঙ্গে ইসলাম

আমাদের কিছু সৎকর্ম গোপন রাখার জন্য প্রচেষ্টা চালাতে শিক্ষা দেয়, যাতে আমাদের নিয়তের পবিত্রতা সংরক্ষিত থাকে এবং অন্তর পরিশুদ্ধ হয়।

এর প্রতিফলন আমরা একটি সহিহ হাদিসে দেখতে পাই, যেখানে এমন এক ব্যক্তির কথা বলা হয়েছে, যিনি এত গোপনে সদকা করেন যে তাঁর বাম হাতও জানে না তাঁর ডান হাত কী দান করেছে। অনুরূপভাবে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একজন সাহাবি, আয-যুবাইর ইবনুল 'আওয়াম রাদিয়াল্লাহু আনহু, একবার উপদেশ দিয়ে বলেন: "তোমাদের মধ্যে যে ব্যক্তি কোনো নেক আমল গোপনে করার সক্ষমতা রাখে, সে যেন তা গোপনেই করে।" (ইবনু আবি শাইবা বর্ণিত) সুতরাং আসুন, আমরা ভেবে দেখি—আমাদের কোন কোন আমল আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার সঙ্গে আমাদের একান্ত গোপন বিষয় হিসেবে রয়ে গেছে, যা তাঁর প্রতি আমাদের আন্তরিকতার প্রমাণ বহন করে? এখানে আমরা ইখলাস বা আন্তরিকতা কীভাবে একজন মুসলিমের চরিত্রকে ইতিবাচকভাবে গড়ে তোলে—তার দুটি দিক নিয়ে আজ এখানে আলোচনা করব।

**<u>প্রথমত: আন্তরিকতা জীবনের লক্ষ্য ও উদ্দেশ্যকে স্পষ্ট করে</u>**

যখন একজন মানুষ সৃষ্টিকর্তা আল-খালিক (আল্লাহ্)–এর সন্তুষ্টিকে তার জীবনের চূড়ান্ত লক্ষ্য হিসেবে স্থির করে নেয়, তখন সে আর সৃষ্টির স্বীকৃতি বা প্রশংসা কামনা করে না। একটু ভেবে দেখুন—নীরবে কোনো বিপদগ্রস্ত ব্যক্তিকে সহায়তা করা, কিংবা স্বামী-স্ত্রী রাতের নিস্তব্ধতায় সংসারের দায়িত্ব পালন করা, অথবা এমন কোনো সন্তান যে নিজের অনুভূতি প্রকাশ করতে কষ্ট হলেও নিয়মিত তার পিতা-মাতার জন্য দোয়া করে—ইখলাসের সঙ্গে সম্পাদিত হলে এসব কাজই ইবাদতে পরিণত হয় এবং তা মূল্যবান ও সহজ মনে হয়।

**<u>দ্বিতীয়ত: আন্তরিকতা সৎকর্মে অবিচল মনোভাব গড়ে তোলে</u>**

ইখলাস একজন মুসলিমকে পরিবর্তিত পরিস্থিতি কিংবা মানুষের পরিবর্তিত দৃষ্টিভঙ্গির মাঝেও দৃঢ় ও অবিচল থাকতে সহায়তা করে। এমন ব্যক্তি উপদেশ গ্রহণে সদা উন্মুক্ত থাকে এবং তা নিয়ে

গভীরভাবে চিন্তা করে। একই সঙ্গে অন্যকে উপদেশ দেওয়ার ক্ষেত্রে প্রজ্ঞা অবলম্বন করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ; কেননা অন্যকে সংশোধনের ক্ষেত্রে আন্তরিকতার সঙ্গে দয়া ও ইহসান থাকা আবশ্যক। একজন আন্তরিক মুসলিম অন্যদের প্রতি দয়া ও সহমর্মিতা নিয়ে অগ্রসর হয়। সে কল্যাণ ও ন্যায়বিচারকে সমুন্নত রাখে—এ কারণে নয় যে এটি সময়ের জনপ্রিয় আলোচ্য বিষয়, বরং এ কারণে যে সে ঈমানের সুদৃঢ় নীতি ও মূল্যবোধ দ্বারা পরিচালিত হয়।

**মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার অনুগ্রহপ্রাপ্ত সম্মানিত সুধী,**

আসুন, আমরা আমাদের প্রতিটি কাজকে মূল্যায়ন করি। আমাদের ইখলাস বা আন্তরিকতা সংরক্ষণের জন্য সচেষ্ট হই এবং বিনয় দ্বারা নিজেদের সুশোভিত করি, যাতে আমরা সৎকর্মের পথে অবিচল থাকতে পারি। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা যেন আমাদের সকল প্রচেষ্টা কবুল করেন—তা মানুষের কাছে প্রকাশিত হোক বা অপ্রকাশিত থাকুক। আমিন, ইয়া রব্বাল 'আলামিন।

**أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.**

## Second Sermon

الحَمْدُ لِلهِ حَمْدًا كَثِيرًا كَما أَمَرَ، وَأَشْهَدُ أَن لا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِهِ وَأَصْحابِهِ أَجْمَعِينَ. أَمّا بَعْدُ، فَيا عِبادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعالَى فِيما أَمَرَ، وانتَهُوا عَمَّا نَهاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلا صَلُّوا وَسَلِّمُوا عَلى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلى النَّبِيِّ يا أَيُّها الَّذِينَ ءامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبارِكْ عَلى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِ سَيِّدِنا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحابَةِ وَالقَرابَةِ وَالتّابِعِينَ، وَتابِعِي التّابِعِينَ، وَعَنّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يا أَرْحَمَ الرّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِناتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِماتِ، الأَحْياءِ مِنْهُم وَالأَمْواتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنّا البَلاءَ وَالوَباءَ وَالزَّلازِلَ وَالمِحَنَ، ما ظَهَرَ مِنْها وَما بَطَنَ، عَن بَلَدِنا خاصَّةً، وَسائِرِ البُلْدانِ عامَّةً، يا رَبَّ العالَمِينَ. اللَّهُمَّ انْصُرْ إِخْوانَنا المُسْتَضْعَفِينَ فِي غَزَّةَ وَفِي فِلَسْطِينَ وَفِي كُلِّ مَكانٍ عامَّةً، يا أَرْحَمَ الرّاحِمِينَ. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يا رَبَّ العالَمِينَ. اللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلامَ وَالأَمْنَ وَالأَمانَ لِلعالَمِ كُلِّهِ

وللّناسِ أجْمَعِينَ. رَبَّنا آتِنا فِي الدُّنيا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنا عَذابَ النّارِ.

عِبادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسانِ وَإِيتاءِ ذِي القُرْبى، وَيَنْهى عَنِ الفَحْشاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فاذْكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُمْ، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ ما تَصْنَعُونَ.